

রাজশাহীতে এইচএসসি পরীক্ষার সাদা উত্তরপত্র বিক্রি

রাজশাহী সূত্রো

এবারের এইচএসসি পরীক্ষা নব্বইমুখ
 পরিবেশে অনুষ্ঠিত হলেও রাজশাহী শিক্ষা
 বোর্ডের উদ্যোগে উত্তরাঞ্চলের বেশকিছু পরীক্ষা
 কেন্দ্রে বোর্ডের সরবরাহ করা উত্তরপত্র (সাদা
 বাতাস) এক হাজার থেকে বাতাস টাকায়
 উত্তরপত্র: পৃষ্ঠা ২; কলাম ৬

উত্তরপত্র: রাজশাহী

বিক্রি হওয়ার চাঞ্চল্যকর ববর পাওয়া গেছে।
 গতকাল রাজশাহীর তাহেরপুর, নওগাঁর
 আত্রাই, গাইবান্ধা ও পাবনার বিভিন্ন কেন্দ্রে এ
 জাতীয় উত্তরপত্র বিক্রির ঘটনা ঘটেছে। বোল
 রাজশাহী মহানগরীর মাদারবঙ্গ পাইল্টা
 জুবিলি কলেজ কেন্দ্রের সরকারী সিটি
 কলেজের বাণিজ্য শাখার ছাত্র বন্দুকের
 অরিফ হোসেন (রোল নং ৫০০৪৮৭)
 গতকাল ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষা
 চলাকালে কাইরে থেকে লিখে দেয়া বাতাস মূল
 বাতাস মধ্যে ঢোকানোর সময় কর্তব্যবত
 শিক্ষকের হাতে ধরা পড়ে। তাকে বহিষ্কার
 করে- বোয়ালিয়া থানা পুলিশের হাতে তুলে
 দেয়া হয়। থানা হামাতে গতকাল বিকালে
 অরিফ জানায়, উত্তরপত্রের সাদা বাতাস
 অন্যদের মতো সেও অপরিচিত একজনের
 কাছ থেকে এক হাজার টাকার বিনিময়ে
 কিনেছে। তবে তার দুর্ভাগ্য সে ধরা পড়েছে
 অনোরা পার পেয়েছে।

এদিকে অনুসন্ধানে জানা গেছে, গত বুধবার
 থেকে রাজশাহীর তাহেরপুর ও নওগাঁর
 আত্রাই এলাকায় এই উত্তরপত্রের সাদা বাতাস
 বিক্রি শুরু হয়। এ দুটি এলাকাসহ পাবনা,
 গাইবান্ধা ও উত্তরাঞ্চলের আরও বেশকিছু
 জায়গায় অন্তত এক হাজার উত্তরপত্র এ পর্যন্ত
 বিক্রি হয়েছে বলে বিভিন্ন সূত্রে জানা গেছে।
 রাজশাহী শিক্ষা বোর্ডের কতিপয় অসৎ ও
 দুর্নীতিবাজ কর্মকর্তা ও কর্মচারীর মাধ্যমে
 এসব বাতাস বোর্ড থেকেই বিক্রি হচ্ছে বলে
 জানা গেছে। এ ব্যাপারে রাজশাহী শিক্ষা
 বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম
 যুগান্তরকে বলেন, নব্বইমুখ সম্পূর্ণ বন্ধ
 হয়েছে, সেজন্য অসৎ ও দুর্নীতিবাজরা ফাঁদ
 ফোকর বের করবে এটা অস্বাভাবিক কিছু
 নয়। শিক্ষা বোর্ডও সবাই খোদা ভয়সী
 পাতা এমনটি তিনি মনে করেন না।
 গতকালের উত্তরপত্র বিক্রির ঘটনাটি তিনি
 মোটেও জানেন না, তবে এ বিষয়ে খোঁজ
 নিয়ে প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ নিতে
 কালক্ষেপণ করবেন না বলে জানান।